এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


বিষয় কোড | ১ | ২ | ৩

## বিষয় ঃ মনোবিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৫০**

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিচের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

১. ▶ নিচের তথ্যের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. মনোবিজ্ঞানের আধুনিক সংজ্ঞা দাও। ১
খ. আচরণ ও মানসিক প্রক্রিয়ার মধ্যে পার্থক্য বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকে খ-এ '?' চিহ্নিত স্থানটি বিজ্ঞানের কোন গুণটি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ক, খ, গ এবং ঘ-এর আলোকে মনোবিজ্ঞানের অবস্থান মূল্যায়ন কর। ৪

২. ▶ সুমী ও সজীব দুই ভাইবোনের বয়স যথাক্রমে ৩ ও ৫ বছর। তারা একসাথে খেলা করে। সজীব সুমীর খেলনা চাইতেই সে তা দিয়ে দেয়। সজীবের আচরণগুলি সুমী অনুকরণ করে। মা সজীবকে বকা দিলে সুমীও মন খারাপ করে। সজীবের হাসি-কান্না দেখে সেও হাসে এবং কাঁদে। অন্যদিকে সজীব কিছুটা আত্মকেন্দ্রিক, পছন্দের খেলনাটিকে সে সুশিকে সহজে দিতে চায় না, সে একটুতেই সুশীকে আঘাত করে। তাকে কোন প্রশ্ন করলেই কেবল না সূচক উত্তর দেয়।

ক. নৈতিক বিকাশ কী? ১
খ. একটি ৪/৫ বছরের শিশুর বুদ্ধিবৃত্তিক বিকাশ শুরু হয়েছে কিনা তা কীভাবে বোঝা যায়? ২
গ. উদ্দীপকে সুমী ও সজীবের আচরণে কোন ধরনের সামাজিক বিকাশ হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সজীবের আচরণ বিকাশে পরিবারের ভূমিকা কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ টেলিভিশনে একটি অনুষ্ঠানে একজন বিশেষজ্ঞ চিকিৎসক রোগীদের সমস্যা বিষয়ে পরামর্শ দেন।

প্রথম সমস্যা : তুহিনের বয়স ১২, কিন্তু তার উচ্চতা ৫/৬ বছরের শিশুর মতো।

দ্বিতীয় সমস্যা : আমেনা চাকরিজীবি মহিলা, কিন্তু ইদানিং তার কাজে অনীহা ও ঝিমুনীভাব হয়। তিনি একজন মিক্সভেমা রোগী।

তৃতীয় সমস্যা : মতিয়া বেগমের সমস্যা হলো- তার মধ্যে কিছুদিন যাবৎ কতগুলো পুরুষসুলভ ভাব দেখা দিয়েছে।

ক. স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র কী? ১

খ. সাধারণ কোষের সাথে স্নায়ুকোষের পার্থক্য কী? ২

গ. উদ্দীপকে তুহিনের সমস্যার জন্য পিটুইটারী গ্রন্থির কোন অংশ দায়ী তার কার্যাবলী লিখ। ৩

ঘ. উদ্দীপকে "তিনটি সমস্যার জন্যই অন্তঃক্ষরা গ্রন্থি দায়ী কিন্তু একই গ্রন্থি কিংবা হরমোন দায়ী নয়।" উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪. ▶ রায়হান স্যার কলেজে তার গাইডভুক্ত দু'জন ছাত্র শিমুল ও পলাশ-এর ফলাফল বিষয়ে অভিভাবকদের সাথে আলাপ করে জানতে পারলেন শিমুল খুব ঘুম কাতর ছেলে, সারাক্ষণ যেন তার ক্ষুধা লেগেই থাকে। পড়াশোনা বাদ দিয়ে শুধু খাওয়া ও ঘুমই যেন তার একমাত্র কাজ। এজন্য সে পরীক্ষায় ভাল করতে পারে না। অন্যদিকে, পলাশ খুব পরিশ্রমী। জীবনে সাফল্য ও প্রতিষ্ঠা লাভের জন্য সে মনোযোগ দিয়ে পড়াশোনা করে, ফলে পরীক্ষায় সে প্রথম স্থান অর্জন করে।

Teachingbd.com


ক. প্রেষণার সংজ্ঞা লিখ। ১

খ. তৃষ্ণা নামক প্রেষণাটি একটি চক্রের মাধ্যমে বুঝিয়ে দাও ও বর্ণনা কর। ২


গ. উদ্দীপকে শিমুল ও পলাশের আচরণে কোন ধরনের প্রেষণার প্রভাব পড়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শিমুল ও পলাশের প্রেষণাকে তুমি কীভাবে পার্থক্য নির্ণয় করবে? বিশ্লেষণ কর। ৪

৫. ▶ নিচের তথ্যের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:



চিত্র-ক



চিত্র-খ

ক. মনোযোগ কী? ১

খ. অলীক প্রত্যক্ষণ ও অধ্যাসের ক্ষেত্রে উদ্দীপকের ভূমিকা কী বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে ক ও খ চিত্রে প্রত্যক্ষণের সংগঠনের কোন উপাদান দায়ী? বুঝিয়ে লিখ। ৩

ঘ. "প্রত্যক্ষণের সংগঠনের ক্ষেত্রে উদ্দীপকের উক্ত উপাদান ছাড়াও অন্যান্য উপাদানও ব্যাপকভাবে প্রভাবিত করে"। উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬.▶ নিচের তথ্যের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:

| পরীক্ষণ পত্র | ১ম পর্যায় কবিতা-১ | ২য় পর্যায় কবিতা-২ | ৩য় পর্যায় পুনরুদ্রেক |
|---|---|---|---|
| রহিম | শিক্ষণ | শিক্ষণ | কবিতা-১ |
| করিম | শিক্ষণ | বিশ্রাম | কবিতা-১ |

ক. সহায়ক শিক্ষণ কী? ১

খ. শিক্ষণের ক্ষেত্রে প্রেষণার গুরুত্ব বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে করিমের তুলনায় রহিমের বিস্মৃতি বেশি হলে তার কারণ কী ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রহিমের উক্ত বিস্মৃতি প্রতিরোধের জন্য এবং করিমের ১ম পর্যায়ের স্মৃতিকে উন্নত করার জন্য কিরূপ কৌশল অবলম্বন করা যায়? বিশ্লেষণ কর। ৪

৭.▶ মিতু ও সেতু দু'জন ১২ বছরের যমজ ভাই-বোন। মিতুর আচরণে কিছুদিন যাবত বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। বাড়িতে কোন অতিথি আসলে সামনে আসতে চায় না, কেমন যেন একা থাকতে চায়, বিষণ্ন থাকে। পড়াশোনায় মন দিতে পারে না। কিন্তু সেতু বরাবরের মতই সুস্থ্য ও সাবলীল। কোন কিছুতেই তার আবেগের আধিক্য নেই। বন্ধুদের সাথে খেলাধুলায় অংশ নেয় এবং পড়াশোনায় মনোযোগী।

ক. মানসিক স্বাস্থ্য কী? ১

খ. বয়োঃসন্ধিকালের আবেগীয় পরিবর্তনের জন্য পিটুইটারী গ্রন্থিকে দায়ী করা হয় কেন? ২

গ. উদ্দীপকে মিতুর বয়সে মনোভাব ও আচরণে কিরূপ প্রভাব পরতে পারে- ব্যাখ্যা কর। ৩

ঘ. মিতু ও সেতুর মানসিক স্বাস্থ্য তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৮.▶ জহিরের কলেজে সেমিস্টার পরীক্ষায় ২০ জন ছাত্র-ছাত্রীর প্রাপ্ত নম্বর নিম্নরূপ-

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২ | ১৯ | ১৬ | ১১ | ১৪ |
| ৪০ | ৩৫ | ৩১ | ২৮ | ২৫ |
| ২৬ | ৩৯ | ২৭ | ৩৭ | ১২ |
| ৯ | ৩৮ | ৩৩ | ১৫ | ৮ |

ক. কেন্দ্রীয় প্রবণতার পরিমাপসমূহ কী কী? ১

খ. উদ্দীপকে উল্লেখিত প্রাপ্ত নম্বরসমূহের কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ দ্বারা কী বুঝা যায়? ২

গ. উদ্দীপকের প্রাপ্ত নম্বরগুলো পৌনঃপূন্য বন্টন টেবিলে সাজাও (আরম্ভ-সংখ্যা ৮ ও শ্রেণি ব্যবধান ৫ ধরে)। ৩

ঘ. উদ্দীপকের উপাত্তসমূহের মধ্যমা নির্ণয় কর। ৪

Teachingbd.com

# মনোবিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৩ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. কে প্রথম নিজেকে একজন মনোবিজ্ঞানী হিসেবে চিহ্নিত করেন?**

ⓚ সিগমুন্ড ফ্রয়েড ⓚ উইলিয়াম জেমস
ⓖ উইলহেম উন্ড ⓖ আইভান প্যাভলভ

**২. মনোবিজ্ঞান কোন ধরনের বিজ্ঞান?**

ⓚ সমাজ মনোবিজ্ঞান
ⓚ আচরণ সমন্বয়ী বিজ্ঞান
ⓖ জীব বিজ্ঞান
ⓖ জৈব-সামাজিক বিজ্ঞান

**৩. কোন হরমোন ত্বকের বর্ণ তৈরিতে সাহায্য করে?**

ⓚ অক্সিজেন ⓚ মেলানোসাইট
ⓖ থাইরকসিন ⓖ এন্টিডিউরেটিক

**৪. ঈর্ষার বৈশিষ্ট্য হলো —**

i. স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত করে
ii. এটি মনকে বড় করে
iii. খাপ-খাইয়ে চলতে পারে না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপক পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**

বাবুল দু'দিন থেকে কিছু খাচ্ছেন না। ডাক্তার নানা রকম পরীক্ষা করে একটি বিশেষ স্থানের সমস্যা শনাক্ত করলেন। বাবুল পরের দিন থেকে বাসায় সবার সাথে রাগারাগি করছে।

**৫. ডাক্তার বাবুলের কোথায় সমস্যা খুঁজে পেলেন?**

ⓚ সম্মুখ মস্তিষ্কে ⓚ মধ্য মস্তিষ্কে
ⓖ অধঃমস্তিষ্কে ⓖ লঘু মস্তিষ্কে

**৬. বাবুলের এরূপ আচরণের জন্য দায়ী হচ্ছে —**

i. থ্যালামাস
ii. হাইপোথ্যালামাস
iii. এড্রিনালিন গ্রন্থি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৭. দেহের এককের নাম কী?**

ⓚ কোষ ⓚ স্নায়ুকোষ
ⓖ কলা ⓖ তন্ত্র

**৮. রক্তের চাপ পরিমাপক যন্ত্রের নাম কী?**

ⓚ প্রেসার গজ
ⓚ নিউমোগ্রাফ
ⓖ ইলেকট্রোকার্ডিওগ্রাফ
ⓖ পিউপিলো মিটার

**৯. মুখ্য প্রেষণা কোনটি?**

ⓚ যূথচারিতা ⓚ স্বীকৃতি
ⓖ খ্যাতি ⓖ মাতৃত্ব

**নিচের উদ্দীপক পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

সিমির বাবা খুবই অসুস্থ। শেষ রাতে টেলিফোনের শব্দ শুনে ভয়ে সিমি দ্রুত শ্বাস-প্রশ্বাস নিতে থাকে। সিমির ছোট বোন রাখির বাড়ির প্রতি কোনো দায়িত্ব নেই। তিনি তার কর্মস্থলে উপরের পোস্টে পদোন্নতি পাবার জন্য ব্যস্ত থাকেন।

**১০. সিমির ঘটনা কোনটিকে নির্দেশ করে?**

ⓚ বুদ্ধি ⓚ প্রেষণা
ⓖ আবেগ ⓖ শিক্ষণ

**১১. রাখির ক্ষেত্রে যা ঘটেছে তা —**

i. ব্যক্তিভেদে স্বতন্ত্র
ii. জীবনধারণের জন্য অপরিহার্য নয়
iii সব ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. বলবর্ধক ব্যতীত যে শিক্ষণ তার নাম —**

ⓚ পরিত্রাণমূলক শিক্ষণ
ⓚ প্রাসঙ্গিক শিক্ষণ
ⓖ সুপ্ত শিক্ষণ
ⓖ সহায়ক শিক্ষণ

Teachingbd.com

১৩. শিক্ষণের শর্ত কোনটি?

ক স্মৃতি　　খ বিস্মৃতি
গ আবেগ　　ঘ প্রেষণা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

সানু ও সীমার সামনে পরীক্ষা। সানু মুখস্থ করা বিষয়গুলো লিখতে গিয়ে দেখল সে পারছে না। সীমা প্রথম প্রশ্নটি মুখস্থ করার পর দ্বিতীয় প্রশ্নটি মুখস্থ করল। পড়া শেষ হওয়ার পর প্রথম প্রশ্নের উত্তর লিখতে গিয়ে দেখল দ্বিতীয় প্রশ্নের অনেক কিছুর সাথে মিলিয়ে ফেলেছে।

১৪. উদ্দীপকে সানুর ঘটনাটি কি?

ক স্মৃতি　　খ বিস্মৃতি
গ শিক্ষণ　　ঘ অবলুপ্তি

১৫. সীমার ঘটনাটির কারণ —

i. দ্বিতীয় প্রশ্নটি পড়া
ii. পাঠ বিরত না থাকা
iii. অনুশীলন কম হওয়া

নিচের কোনটি সঠিক?

ক ও ii　　খ i ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

১৬. প্রচণ্ড হট্টগোলপূর্ণ কক্ষে প্রবেশ করলে প্রথমে কানে তালা লেগে যায়, কিছুক্ষণ পরে শব্দের তীব্রতা আর তত বেশি বলে মনে হয় না। এ

ক আলো অভিযোজন
খ অন্ধকার অভিযোজন
গ শব্দ অভিযোজন
ঘ অনুভূতিমূলক অভিযোজন

১৭. বিভিন্ন বস্তু বা ঘটনা থেকে এলোমেলো বা বিশৃঙ্খল উদ্দীপনাকে গুছিয়ে সংঘবদ্ধরূপে প্রত্যক্ষণ করাকে কী বলে?

ক নির্বাচনমুখিতা　　খ সুবিন্যস্তকরণ
গ নমনীয়তা　　ঘ সামগ্রিকতা

১৮. অবাস্তব উদ্দীপকের প্রত্যক্ষণকে কী বলে?

ক ভ্রান্ত প্রত্যক্ষণ　　খ অধ্যাস
গ অলীক প্রত্যক্ষণ　　ঘ প্রতিসাম্য

১৯. মনোযোগের বস্তুনিষ্ঠ বা বাহ্যিক শর্তাবলি হচ্ছে —

i. আকার
ii. তীব্রতা
iii. বৈসাদৃশ্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২০. সংবেদন কী ধরনের প্রক্রিয়া?

ক মনোগত প্রক্রিয়া
খ ইন্দ্রিয়গত দৈহিক প্রক্রিয়া
গ মনোদৈহিক প্রক্রিয়া
ঘ তত্ত্বীয় প্রক্রিয়া

২১. অলীক প্রত্যক্ষন দেখা যায় —

i. সিজোফ্রেনিয়া রোগীদের ক্ষেত্রে
ii. নেশাগ্রস্থ ব্যক্তিদের ক্ষেত্রে
iii. ডায়রিয়া রোগীদের ক্ষেত্রে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২২. কোন সারণির সর্বোচ্চ সংখ্যা ৮০, সর্বনিম্ন ৩৫ হলে, পরিসর কত?

ক ২৫　　খ ৩৫
গ ৪৫　　ঘ ৪৬

২৩. উপাত্ত কত প্রকার?

ক ৩　　খ ৪
গ ২　　ঘ ৫

২৪. ১৫, ২০, ২৮, ১৭, ২৫, ১০ এর মধ্যক কোনটি?

ক ১৫.৫　　খ ১৮.৫
গ ১৬.৫　　ঘ ১৭.৫

২৫. ২৫, ১৮, ২০, ২৮, ২৫, ২২ এর গড় কত?

ক ২১　　খ ২২
গ ২৩　　ঘ ২৫

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | | | | | | | | | | |

Teachingbd.com